# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ করিম 'বিশ্বে নবুয়তের সমাপ্তি' শিরোনামের একটি বই পড়ছিল। সে এ বিষয়ে কয়েকটি যুদ্ধের ইতিহাস পড়ল। পরে করিম শিক্ষকের কাছে এর কারণ জানতে চাইল। জবাবে শিক্ষক তাকে বললেন, মুহাম্মদ (স) শেষ নবি হওয়া অস্বীকারকারী ও নবুয়তের দাবিদারদের সর্বোচ্চ শাস্তি দেওয়া উচিত। কারণ আল্লাহ তায়ালা বলেছেন, 'মুহাম্মদ (স) কোনো পুরুষের পিতা নন বরং তিনি আল্লাহর রাসুল ও শেষ নবি।'

ক. খতমে নবুয়ত অর্থ কী? ১

খ. বিশ্বজগতের সর্বশেষ নবি কে? ব্যাখ্যা করো। ২

গ. তুমি কি মনে কর শেষ নবি হিসেবে মুহাম্মদ (স) এর ওপর ইমান প্রতিষ্ঠিত হলে সব বিরোধের অবসান হবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত আয়াতটি বিশ্লেষণ করো। ৪

২. ★ শ্রেণিকক্ষে রহিম কথা প্রসঙ্গে বলল, 'মুসলমান হিসেবে প্রত্যেককে আখিরাতে বিশ্বাস রাখতে হবে। সবাই দুনিয়াতে তাদের কৃতকর্মের জন্য দায়ী থাকবে। সর্বশক্তিমান আল্লাহ সবার কাজের হিসাব নেবেন এবং সে অনুযায়ী পুরস্কার বা শাস্তি দেবেন। মহানবি হযরত মুহাম্মদ (স) বলেছেন, 'দুনিয়া হচ্ছে আখেরাতের শস্যক্ষেত্র।'

ক. আখিরাত অর্থ কী? ১

খ. একজন মুসলিমকে কেন আখিরাতে বিশ্বাস করতে হবে? ব্যাখ্যা কর? ২

গ. আখিরাতে বিশ্বাস নিয়ে রহিমের মন্তব্য মূল্যায়ন করো। ৩

ঘ. 'দুনিয়া আখিরাতের শস্যক্ষেত্র'- হাদিসের আলোকে কথাটির ব্যাখ্যা দাও। ৪

https://teachingbd24.com

৩. ▶ মইন বলল, 'তুমি কি জানো তোমার যে ধনসম্পদ তা আসলে তোমার নয়? নজরুল বলল, 'আমি তো এগুলো নিজে উপার্জন করেছি। তখন মইন বলল, 'তোমার উপার্জনের কৌশল, বুদ্ধি ও শক্তি সব সর্বশক্তিমান আল্লাহরই দেওয়া। তা ছাড়া এ ক্ষেত্রে আরেকটি বিষয় বিবেচনা করতে হয়। তা হচ্ছে সম্পদের পবিত্রতা। বিষয়টি ইহকাল ও পরকাল উভয়ক্ষেত্রেই সমস্যা সৃষ্টি করতে পারে। উভয় দিক ঠিক রাখার জন্য যাকাত দেওয়া বাধ্যতামূলক।'

ক. যাকাত শব্দটির অর্থ কী? ১

খ. সম্পদের কত শতাংশ যাকাত দিতে হয়? ২

গ. যাকাত কীভাবে সম্পদকে পবিত্র করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. উভয় দিক ঠিক রাখার জন্য যাকাত দেওয়া বাধ্যতামূলক- উদ্দীপকের আলোকে কথাটি ব্যাখ্যা করো। ৪

৪. ★ অষ্টম শ্রেণির ছাত্র শফিউল্লাহ খেলা শেষে তাড়াতাড়ি সালাত আদায় করতে মসজিদে যাচ্ছিল। আসাদুল্লাহ তার মাঠ ছেড়ে বেরিয়ে যাওয়ার জন্য তাড়াতাড়ি করার কারণ জানতে চাইল। জবাবে শফিউল্লাহ বলল, 'আসরের নামাযের ওয়াক্ত শেষ হয়ে যাচ্ছে। সময়মত নামায আদায় না করলে পরকালে শাস্তি পেতে হবে। হাদিসে বলা হয়েছে, 'নামায বেহেস্তের চাবিকাঠি।'

ক. সালাত কথাটির অর্থ কী? ১

খ. সালাত প্রতিষ্ঠা করার উপায় কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত শফিউল্লাহর মনোভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসটি বিশ্লেষণ করো। ৪

৫. ▶ আমিন শিক্ষা বিষয়ক এক অনুষ্ঠানে বলল, 'ইসলাম এমন একটি ধর্ম যা জীবনের প্রতি মুহূর্তে ভালো কাজের জন্য উৎসাহিত করে। পবিত্র গ্রন্থ কুরআন তেলাওয়াত এর মধ্যে একটি।' তবে আমিন কুরআন পাঠের সময় ভুলের ব্যাপারে সতর্ক করে দিল। কুরআন তিলাওয়াতের সময় উচ্চারণের ক্ষেত্রে সতর্ক থাকতে হয়। কারণ আল্লাহ তায়ালা নিজে এ বিষয়ে সতর্ক করে দিয়ে বলেছেন, 'কুরআন তারতিলের সাথে তিলাওয়াত করো।' ইসলাম শিক্ষা বইয়ের কথা উল্লেখ করে আমিন বলল, কুরআন তেলাওয়াতের অনেক উপকারিতা রয়েছে।

https://teachingbd24.com

ক. তাজবিদ অর্থ কী? ১
খ. ইদগামের বর্ণ কয়টি? সেগুলো লেখ। ২
গ. আমিনের কথা অনুযায়ী কুরআন তেলাওয়াতের উপকারিতাগুলো কী কী? ৩
ঘ. উদ্দীপকের আয়াতটি বিশ্লেষণ করো। ৪

৬. ★ শিহাব ও শাহীন সিঙ্গাপুরে চাকরি করে। তারা প্রায়ই বাবা-মাকে টাকা পাঠায়। দেশের কোনো দুঃসংবাদ শুনলে তারা দুঃখ পায়। আবার কোনো ভালো খবর শুনলে খুশি হয় এবং বিদেশিদের কাছে তা তুলে ধরে।
ক. দেশপ্রেমের আরবি প্রতিশব্দ কী? ১
খ. দেশপ্রেম বলতে কী বোঝায়? ২
গ. তুমি কি মনে কর শিহাব ও শাহীন প্রকৃত দেশপ্রেমিক? ব্যাখ্যা করো। ৩
ঘ. নিজের দেশ সম্পর্কে শিহাব ও শাহীনের অনুভূতি বিশ্লেষণ করো। ৪

৭. ▶ আশিক এক সেমিনারে বলল, 'সমাজের সব মানুষ সমান নয়। কেউ ধনী কেউবা খুবই গরিব। তবে সমাজের জন্য সবাই গুরুত্বপূর্ণ। কাজেই দরিদ্র হওয়ার জন্য কাউকে অবহেলা করা উচিত নয়। আমাদের সমাজের উন্নয়নের জন্য কাজ করতে হবে। একটা প্রবাদ আছে, 'জাতির নেতা তিনিই যিনি তাদের সেবক।'
ক. সমাজসেবার আরবি প্রতিশব্দ কী? ১
খ. সমাজসেবা কাকে বলে? ২
গ. উদ্দীপকে করা আশিকের মন্তব্যটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত প্রবাদটি মূল্যায়ন করো। ৪

৮. ★ নাইম একজন ব্যবসায়ী। সে তার বিক্রি করা পণ্যের দোষত্রুটি গোপন রাখে। তবে ধর্মীয় কাজকর্মে দান করে। আলিমুদ্দীন লোকজনকে নাইমের কার্যকলাপ থেকে সতর্ক থাকার পরামর্শ দিল। কারণ,তার মতে নাইমের কাজ নিফাকের সমতুল্য।
ক. নিফাক অর্থ কী? ১
খ. নিফাকের লক্ষণ কী? ২
গ. নাইমের কার্যকলাপকে তুমি কী দৃষ্টিতে দেখ? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইসলামের আলোকে নাইমের কার্যকলাপের পরিণতি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯. ▶ জনাব কাব্বাব তার ছেলেকে হযরত সোলায়মান (আ) এর একটি কাহিনি বলছিলেন। তিনি তাকে সোলায়মান (আ) এর অলৌকিক ক্ষমতার কথা বললেন। গল্পের শেষে তিনি জানালেন, হযরত সোলায়মানের নির্ভুল বিচারের অসাধারণ ক্ষমতা ছিল।

ক. সোলায়মান (আ) এর পিতা কে ছিলেন? ১

খ. বায়তুল মোকাদ্দাস সম্পর্কে দাউদ (আ) আল্লাহর কাছে কী দোয়া করেছিলেন? ২

গ. জনাব কাব্বাব উদ্দীপকে সোলায়মান (আ) এর অলৌকিক ক্ষমতা সম্পর্কে কী বলেছিলেন? ৩

ঘ. 'হযরত সোলায়মান (আ) এর নির্ভুল বিচারের অসাধারণ ক্ষমতা ছিল'— বিশ্লেষণ করো। ৪

১০. ▶ জনাব ফায়াজের অনেক সম্পদ। তিনি স্ত্রীর সঙ্গে কুরবানি নিয়ে কথা বলছিলেন। স্ত্রী বললেন, এ বছর তারা অনেক সমস্যার মধ্যে আছেন। পরিবারের জন্য অনেক কিছু কিনতে হবে। আর কুরবানি হযরত ইব্রাহিম (আ) এর কাজ ছিল। সুতরাং এটা করা জরুরি নয়।

ক. কুরবানি করা কী? ১

খ. কুরবানি কাকে বলে? ২

গ. কুরবানির জন্য জনাব ফায়াজের কী নিয়ম অনুসরণ করা উচিত? ৩

ঘ. তুমি কি মনে কর কুরবানির ব্যাপারে জনাব ফায়াজের স্ত্রীর অজ্ঞতা রয়েছে? বিশ্লেষণ করো। ৪

১১. ▶ জনাব আরমান গতমাসে চাকরি থেকে অবসর নিয়েছেন। তিনি এ বছর হজ করতে চান। আরমান সাহেব তার স্ত্রীকে কথাটা বললে তিনিও হজে যাওয়ার আগ্রহ প্রকাশ করলেন। সুতরাং তারা দুজনেই হজে যাওয়ার সিদ্ধান্ত নিলেন। স্থানীয় ইমাম তাদের বললেন, "কুরআনে আল্লাহ তায়ালা বলেছেন, 'সামর্থ্যবান লোকদের কাবাঘরে গিয়ে আল্লাহর জন্য হজ করা ফরজ'।"

ক. হজ অর্থ কী? ১

খ. ইসলামি শরিয়তের পরিভাষায় হজ বলতে কী বোঝায়? ২

গ. হজের ব্যাপারে জনাব আরমান ও তার স্ত্রীর আগ্রহের মূল্যায়ন করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত আয়াতটি বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ইসলামের মৌলিক বিষয়গুলোতে পরিপূর্ণ বিশ্বাসকে বলা হয়—
ক) ইসলাম খ) ইমান
গ) ইনসাফ ঘ) ইহসান

২. ★ হজের ওয়াজিব কয়টি?
ক) সাত খ) পাঁচ
গ) চার ঘ) তিন

৩. কে চিরস্থায়ী ও শাশ্বত?
ক) আদম খ) আল্লাহ
গ) মহানবি (স) ঘ) ফেরেশতা

৪. তাকদির অর্থ কী?
ক) দুর্ভাগ্য খ) সৌভাগ্য
গ) ভণ্ডামি ঘ) ভাগ্য

৫. ★ মানবজাতির শিক্ষক কে?
ক) ফেরেশতা খ) পির-ফকির
গ) নবি-রাসুল ঘ) বাবা-মা

৬. জাহান্নামের বাসিন্দাদের খাদ্য কী হবে?
ক) জাক্কুম খ) মধু
গ) দুধ ঘ) জয়তুন

৭. জান্নাতের শ্রেষ্ঠ স্তর হচ্ছে—
ক) জান্নাতুল মাওয়া খ) জান্নাতুল ফেরদৌস
গ) দাল আদন ঘ) দারুস সালাম

৮. ★ হাবিব অষ্টম শ্রেণির ছাত্র। সে প্রায়ই মিথ্যা কথা বলে। তার কাছে কিছু রাখলে সে ফেরত দিতে চায় না। অন্যদিকে সোহেল এগুলো পছন্দ করে না। হাবিবের স্বভাবের কোনটি দেখা যায়?
ক) শিরক খ) নিফাক
গ) জুলুম ঘ) কুফর

৯. সোহেল কীভাবে হাবিবকে সংশোধন করতে পারে?
i. হাবিবের সঙ্গ ত্যাগ করে
ii. তাকে নিফাকের ক্ষতিকর দিক বুঝিয়ে
iii. সামাজিক অসম্মানের কথা বলে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. জাকাত অর্থ—
ক) বৃদ্ধি পাওয়া খ) দান করা
গ) কমে যাওয়া ঘ) ধ্বংস করা

১১. জাকাত না দেওয়া কার কাজ?
ক) কাফের খ) মুসলিম
গ) মুনাফিক ঘ) মুশরিক

১২. জাকাতের মাসারিফ কয়টি?
ক) নয় খ) আট
গ) ছয় ঘ) পাঁচ

১৩. হজ অর্থ কী?
ক) সফর করা খ) ভ্রমণ করা
গ) পবিত্রতা ঘ) দৃঢ় সংকল্প

১৪. হযরত ইব্রাহিম (আ) এর জন্ম কোথায়?
ক) মক্কায় খ) ইরাকে
গ) ইরানে ঘ) মদিনায়

১৫. ★ হজের ফরজ কয়টি?
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

১৬. আকিকা করা কী?
ক) মুস্তাহাব খ) সুন্নত
গ) ওয়াজিব ঘ) ফরজ

teachingbd24.com

https://teachingbd24.com

১৭. আকিকার অনুমোদন দেওয়া হয়েছে—
ক) হাদিসে
খ) কুরআনে
গ) ইজমাতে
ঘ) কিয়াসে

১৮. শিশুর আকিকা করা হলে—
i. প্রতিবেশিরা খুশি হয়
ii. আল্লাহ খুশি হন
iii. সম্পদ বিনষ্ট হয়
নিচের কোনটি সঠিক?
ক) i
খ) i ও ii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

১৯. জনাব আজাদ আকিকা দেবেন—
ক) ১ ছাগল দিয়ে
খ) ২ ছাগল দিয়ে
গ) ৩ ছাগল দিয়ে
ঘ) ৪ ছাগল দিয়ে

২০. মাদানি সুরার সংখ্যা হচ্ছে—
ক) ৩৮
খ) ৬৮
গ) ২৮
ঘ) ৮৬

২১. আবরাহা কোথাকার শাসক ছিলেন?
ক) ইয়েমেন
খ) মিসর
গ) সিরিয়া
ঘ) মক্কা

২২. কোনটি সব জ্ঞানের উৎস?
ক) তাওরাত
খ) ইঞ্জিল
গ) হাদিস
ঘ) কুরআন মজিদ

২৩. ইখফার হরফ কয়টি?
ক) ১৫
খ) ১৬
গ) ১৭
ঘ) ১৮

২৪. যিলযালের অর্থ কী?
ক) বেহেশ্ত
খ) পৃথিবী
গ) একজাতের ফল
ঘ) ভূমিকম্প

২৫. 'যে প্রতারণা করে সে আমাদের দলভুক্ত নয়'- এটি কোন হাদিসে রয়েছে?
ক) মুসলিম
খ) বুখারি
গ) আবু দাউদ
ঘ) তিরমিজি

২৬. কুরআন মজিদের শিক্ষা—
i. সব জ্ঞানবিজ্ঞানের উৎস
ii. গোটা মানবজাতির জন্য দিকনির্দেশনা
iii. ভালো ও মন্দের মধ্যে পার্থক্যকারী
নিচের কোনটি সঠিক?
ক) i
খ) i ও ii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

২৭. জাতীয় ঐক্য হচ্ছে
ক) জাতীয় ভালোবাসা
খ) দরিদ্রদের সহায়তা করা
গ) ঐকবদ্ধভাবে কাজ করা
ঘ) জাতীয় সংহতি

২৮. ভ্রাতৃত্বের প্রকার হচ্ছে—
ক) ৫টি
খ) ৪টি
গ) ৩টি
ঘ) ২টি

২৯. কবে মক্কা বিজয় হয়েছিল?
ক) ৫ম হিজরি
খ) ৬ষ্ঠ হিজরি
গ) ৭ম হিজরি
ঘ) ৮ম হিজরি

৩০. জিজিয়া পদ্ধতি কে বাতিল করেন?
ক) হযরত ঈসা (আ)
খ) হযরত লুত (আ)
গ) হযরত উমর বিন আবদুল আজিজ (র)
ঘ) হযরত হারুন (আ)

Teachingbd24.com

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ |

https://teachingbd24.com